বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২২.১৯-৫৫

তারিখ: ২৯ পৌষ ১৪২৮ / ১৩ জানুয়ারি ২০২২

**বিষয়: ২৭ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য মাদারীপুর জেলার রাজৈর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও সুনামগঞ্জ জেলার দোয়ারাবাজার উপজেলা পরিষদের চেয়ারম্যান পদের উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ।**

সূত্র : নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২২.১৯-৭১৫, তারিখ: ১৯ ডিসেম্বর ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচী অনুসারে উপজেলা পরিষদের উপনির্বাচনের (সংযুক্ত তালিকার) **ভোটগ্রহণ ২৭ জানুয়ারি ২০২২** তারিখে অনুষ্ঠিত হবে।

০২। ইতঃপূর্বে অনুষ্ঠিত উপজেলা পরিষদের উপনির্বাচনসমূহে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি নৌ-যান যথা: লঞ্চ, স্পিড বোট, ইঞ্জিন চালিত যে কোন ধরনের নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। একইভাবে **২৭ জানুয়ারি ২০২২ (বৃহস্পতিবার)** তারিখে অনুষ্ঠিতব্য উপজেলা পরিষদের সংশ্লিষ্ট এলাকায় উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **২৬ জানুয়ারি ২০২২** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **২৭ জানুয়ারি ২০২২** তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(১) লঞ্চ
(২) ইঞ্জিন চালিত সকল ধরনের নৌ-যান
(৩) স্পিড বোট

০৩। তবে সকল ধরনের ইঞ্জিন চালিত নৌযানের উপর নিষেধাজ্ঞা আরোপ না করে শুধু লঞ্চ ও স্পিড বোট চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে। বিশেষ করে ইঞ্জিন চালিত ক্ষুদ্র নৌযান বা জনগণ তথা ভোটারদের চলাচলের জন্য ব্যবহৃত ক্ষুদ্র নৌযান নিষেধাজ্ঞা বহির্ভূত রাখতে হবে।

০৪। উল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। সেই সাথে নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। তাছাড়া, প্রধান প্রধান নৌ-পথে বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। সে সাথে ভোটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

০৫। বর্ণিতাবস্থায়, উপজেলা পরিষদের উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **২৬ জানুয়ারি ২০২২** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **২৭ জানুয়ারি ২০২২ তারিখ** মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত সংশ্লিষ্ট এলাকায় উল্লিখিত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে **সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ-কে** ক্ষমতা প্রদানের জন্যে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

১৩/১/২০২২

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

সচিব
নৌ-পরিবহণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: সহকারী সচিব (প্রশাসন-১)]

নং- ১৭.০০.০০০০.০৭৯.৪০.০২২.১৯-৫৫

তারিখ: ২৯ পৌষ ১৪২৮ / ১৩ জানুয়ারি ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭
যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. সিনিয়র সচিব, ................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ................................................... (সংশ্লিষ্ট)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, ........................................... (সংশ্লিষ্ট রেঞ্জ)
১৩. পুলিশ কমিশনার, ..................................................... মেট্রোপলিটন পুলিশ (সংশ্লিষ্ট)
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৬. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৭. পরিচালক (জনসংযোগ) ও যুগ্ম সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৯. জেলা প্রশাসক, ................................................... (সংশ্লিষ্ট)
২০. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ................................ (সংশ্লিষ্ট)
২১. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. পুলিশ সুপার....................................................... (সংশ্লিষ্ট)
২৩. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ................. (সংশ্লিষ্ট)
২৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ................................................. (সংশ্লিষ্ট)
২৫. জেলা তথ্য অফিসার, ................................................... (সংশ্লিষ্ট)
২৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ................................................. (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩০. উপজেলা নির্বাচন অফিসার, ................................................ (সংশ্লিষ্ট)
৩১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ............................................................ (সংশ্লিষ্ট)

২৫/০১/২০২২

( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা
ফোন: ৫৫০০৭৫৫৯ (অফিস)

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২২.১৯-৭১৫

তারিখ: ০৪ পৌষ ১৪২৮
১৯ ডিসেম্বর ২০২১

**বিষয়: মাদারীপুর জেলার রাজৈর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও সুনামগঞ্জ জেলার দোয়ারাবাজার উপজেলা পরিষদের চেয়ারম্যান এর শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠান**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী **ব্যালট পেপারের মাধ্যমে ২৭ জানুয়ারি ২০২২ (বৃহস্পতিবার)** তারিখে ভোটগ্রহণের দিন নির্ধারণকরত ইতোপূর্বে নির্বাচন কমিশন সচিবালয় হতে উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন ২০১৯ উপলক্ষে জারিকৃত সকল আদেশ, নির্দেশনা, পরিপত্র এবং আইন ও বিধি অনুসরণপূর্বক **মাদারীপুর জেলার রাজৈর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও সুনামগঞ্জ জেলার দোয়ারাবাজার উপজেলা পরিষদের চেয়ারম্যান** এর শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

২। উল্লিখিত নির্বাচনে ভোটগ্রহণের সময় **সকাল ০৮.০০ মি. হতে বিকাল ০৪.০০ মি.** পর্যন্ত নির্ধারণ করা হয়েছে এবং স্বাস্থ্য বিধি প্রতিপালনের মাধ্যমে জনস্বাস্থ্য নিশ্চিত করে নির্বাচনি প্রচারণা, ভোটগ্রহণ ও নির্বাচনি অন্যান্য কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা দেয়া হয়েছে।

৩। বর্ণিতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

১৯/১২/২০২১

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

জেলা নির্বাচন অফিসার, মাদারীপুর/সুনামগঞ্জ
ও
রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২২.১৯-৭১৫

তারিখ: ০৪ পৌষ ১৪২৮
১৯ ডিসেম্বর ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব,........................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৭. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, ........................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
১০. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার, .......................... (সংশ্লিষ্ট) বিভাগ
১৩. পুলিশ কমিশনার, ..........................(সংশ্লিষ্ট)
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা

১৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৮. জেলা প্রশাসক, ...... ...... ............................ (সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ

১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .......................... (সংশ্লিষ্ট)

২০. পুলিশ সুপার, ............................(সংশ্লিষ্ট)

২১. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২২. উপজেলা নির্বাহী অফিসার, ............................(সংশ্লিষ্ট)

২৩. সিনিয়র সহকারী সচিব (বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২৪. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...................... (সংশ্লিষ্ট)

২৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)

২৮. উপজেলা নির্বাচন অফিসার, ........ ........ ......... ....... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

২৯. অফিসার-ইন-চার্জ, ......................................................(সংশ্লিষ্ট) থানা।

৩০/১১/২০২০

( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
Email: ecsemc2@gmail.com

# ২৭ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য উপজেলা পরিষদের উপনির্বাচনের সময়সূচি

| | | | |
|---|---|---|---|
| মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০৩ জানুয়ারি ২০২২ | সোমবার |
| মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৬ জানুয়ারি ২০২২ | বৃহস্পতিবার |
| আপিল দাখিলের শেষ তারিখ | : | ০৯ জানুয়ারি ২০২২ | শনিবার |
| আপিল নিস্পত্তির শেষ তারিখ | : | ১২ জানুয়ারি ২০২২<br>(সকাল ৯.০০ থেকে বিকাল ৫.০০ ঘটিকা) | বুধবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১৩ জানুয়ারি ২০২২ | বৃহস্পতিবার |
| প্রতীক বরাদ্দ | : | ১৪ জানুয়ারি ২০২২ | শুক্রবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **২৭ জানুয়ারি ২০২২** | **বৃহস্পতিবার** |

**ভোটগ্রহণের সময়: সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত**